# Times Today BD

আশিকুর রহমান | ঢাকা | 16 June, 2025

টাঙ্গাইলের মির্জাপুরের বাশতৈল ইউনিয়নের হরিদ্রাচালা এলাকায় গাছ লাগানোকে কেন্দ্র করে সংঘর্ষে চাচাতো ভাইয়ের হাতে প্রাণ গেল আরেক চাচাতো ভাইয়ের।নিহত ব্যক্তির নাম রফিকুল ইসলাম রজব, যিনি সখিপুর উপজেলার বাসিন্দা।সোমবার (১৭ জুন) বেলা ১১টার দিকে হরিদ্রাচালা এলাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটে।পুলিশ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে অভিযুক্ত আয়নাল হক ও তার স্ত্রী সেলিনা বেগমকে আটক করেছে।

নিহতের বড় ভাই শামসুল আলম জানান, “সকালে আমার ভাইয়ের সঙ্গে চাচাতো ভাই আয়নালের জমিতে গাছ লাগানো নিয়ে বাগ্‌বিতণ্ডা হয়। একপর্যায়ে আয়নালের স্ত্রী, মেয়ে কুলসুম ও মেয়ের স্বামী নাজমুলসহ পরিবারের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে আমার ভাইয়ের ওপর হামলা চালায়।এলোপাতাড়ি মারধরে আমার ভাই গুরুতর আহত হন।আমাকেও মারধর করা হয়।পরে রক্তাক্ত অবস্থায় মির্জাপুর কুমুদিনী হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।”

শামসুল আলম এ ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক বিচার দাবি করেছেন।তিনি বলেন, “আমার ভাইয়ের হত্যাকাণ্ডে দায়ীদের যেন আইনের আওতায় এনে কঠোর শাস্তি দেওয়া হয়।”

ঘটনার সত্যতা নিশ্চিত করে মির্জাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদুল ইসলাম বলেন, “ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্ত আয়নাল হক ও তার স্ত্রীকে আটক করেছে।মামলা প্রক্রিয়াধীন রয়েছে এবং অন্যান্য অভিযুক্তদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।”

এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।স্থানীয়রা দোষীদের দ্রুত শাস্তির দাবি জানিয়েছে।

পুলিশ সংঘর্ষ নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 18:00

URL: https://timestodaybd.com/dhaka/4204033449